গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০১.৪৯.০০২.২২.২৭১

**বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২৩'' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে **১৫ আগস্ট "জাতীয় শোক দিবস-২০২৩''** যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল প্রকল্প কার্যালয়, প্রশিক্ষণ ইন্সটিটিউট ও সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহকে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | কর্মসূচি |
|---|---|
| ০১ | ১৫ আগস্ট, ২০২৩ খ্রি. মঙ্গলবার জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। |
| ০২ | ক) জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ জেলা তথ্য অফিসারের সাথে যোগাযোগ করে পোস্টার সংগ্রহপূর্বক শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহে প্রচারের ব্যবস্থা করবে। যাদের LED বোর্ড রয়েছে তারা LED বোর্ডের মাধ্যম বঙ্গবন্ধুর উপর নির্মিত ডকুমেন্টারি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>খ) সকল প্রতিষ্ঠান/মাদ্রাসাসমূহের দৃশ্যমান স্থানে জাতীয় শোক দিবসের ভাবগাম্ভীর্য অক্ষুণ্ন রেখে ব্যানার স্থাপন করতে হবে। ব্যানারসমূহ পুরো আগস্ট মাস জুড়ে প্রদর্শন করতে হবে। বিবর্ণ ছেঁড়া ব্যানার ব্যবহার করা যাবে না। ব্যানার বিবর্ণ হলে প্রয়োজনে পুনঃস্থাপন করতে হবে।<br>গ) পোস্টার এবং ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ছবি ব্যতীত অন্য কোন ছবি ব্যবহার করা যাবে না। |
| ০৩ | সকল মাদ্রাসায় বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে হবে। |
| ০৪ | ক) জাতীয় কর্মসূচির আলোকে সকল দপ্তর/মাদ্রাসায় স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবে।<br>খ) সকল মাদ্রাসায় জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা ও দোয়া মাহফিলের আয়োজন করবে।<br>গ) শিক্ষার্থীদের বয়সভিত্তিক গ্রুপে বিভক্ত করে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করে পরবর্তীতে পুরস্কার বিতরণের আয়োজন করবে। |
| ০৫ | জাতীয় কর্মসূচির আলোকে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন আয়োজিত সকল কর্মসূচিতে জেলা ও উপজেলায় কর্মরত এ অধিদপ্তরের আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারি উপস্থিত থাকবেন। |

| | |
|---|---|
| ০৬ | বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামচা', সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমান, 'আমার দেখা নয়া চীন' ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ০৭ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। |
| ০৮ | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/প্রকল্পমূহ/মাদ্রাসার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ থেকে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবেন। |

৩১-০৭-২০২৩
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক
৪১০৩০১৬৩
ddadmeb@gmail.com

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধ্যক্ষ বিএমটিটিআই, বোর্ড বাজার গাজিপুর;
২। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া ঢাকা, সরকারি আলিয়া মাদ্রাসা সিলেট ও সরকারি মুস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া; এবং
৩। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান .........(সকল বেসরকারি মাদ্রাসা)।।

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০১.৪৯.০০২.২২.২৭১/১ (৭)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব , সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
২। বিভাগীয় কমিশনার...........(সকল);
৩। জেলা প্রশাসক........(সকল)[আওতাধীন মাদ্রাসাসমূহে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৪। জেলা শিক্ষা অফিসার...........(সকল)[আওতাধীন মাদ্রাসাসমূহে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৫। উপজেলা নির্বাহী অফিসার........(সকল)[আওতাধীন মাদ্রাসাসমূহে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ};
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার........(সকল) এবং
৭। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

৩১-০৭-২০২৩
মো:শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক